গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৭৩.০০০.০০০.০৩.০১৪১.২৬- ৮২৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬-১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে পীরগাছা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র .নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০২ (দুই) কপি। |

| ক্র .নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব: | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারিরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ,ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০২ (দুই) কপি। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয় ও উপজেলা সমাজসেবা কার্যালয়, পীরগাছা, রংপুর এর ওয়েবসাইটে পাওয়া যাবে যার লিংক www.pirgacha.rangpur.gov.bd এবং https://dss.pirgacha.rangpur.gov.bd, এছাড়াও উপজেলা সমাজসেবা কার্যালয় এবং প্রত্যেক ইউনিয়ন পরিষদ হতে ফরম সংগ্রহ করা যাবে।

**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, পীরগাছা, রংপুর।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. (শুক্রবারসহ) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা (ব্যবহারিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মুল সনদ সাথে নিয়ে আসতে হবে।) |

CamScanner

**শর্তাবলী:**

১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহিত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষা করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানি বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২১.০৭.২৬

মোঃ জায়িদ ইমরুল মোজাক্কিন
উপজেলা নিবার্হী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পীরগাছা, রংপুর।
ফোনঃ ০২৫৮৯৯-৭৬৯০১
unopirgacha@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৭৩.০০০.০০০.০৩.০১৪১.২৬- ৮৯৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৪ (পীরগাছা-কাউনিয়া)।
২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,রংপুর ।
৭। সভাপতি/ সাধারণ সম্পাদক ...................................................... পীরগাছা, রংপুর (প্রচারের অনুরোধসহ)।
৮। অফিস কপি।

21.7.26

মোঃ এনামুল হক
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পীরগাছা, রংপুর
মোবাইল: ০২৫৮৯৯-৭৬৯২০

CamScanner